রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, সেপ্টেম্বর ৩, ২০১৯**

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**খাদ্য মন্ত্রণালয়**

**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/০৫ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ২৫৭-আইন/২০১৯।**—নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩ নং আইন) এর ধারা ৮৭ তে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই প্রবিধানমালা খাদ্য স্পর্শক প্রবিধানমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) "খাদ্য স্পর্শক" অর্থ এমন কোনো উপকরণ যাহা ইতোমধ্যে খাদ্যের সংস্পর্শে আসিয়াছে বা আসিবার সম্ভাবনা রহিয়াছে;

(খ) "খাদ্য স্পর্শক ব্যবসায়ী" অর্থ খাদ্য স্পর্শক উৎপাদন, আমদানি, বিপণন, বিতরণ, প্রক্রিয়া বা বিক্রয়, ইত্যাদি কাজে নিয়োজিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(গ) "পরিদর্শক" অর্থ নিরাপদ খাদ্য আইনের ধারা ২ এর দফা (২০) এ সংজ্ঞায়িত পরিদর্শক;


মূল্য : টাকা ৮.০০

(ঘ) "লেবেল" অর্থ মোড়কাবদ্ধ খাদ্য লেবেলিং প্রবিধানমালা, ২০১৭ এর প্রবিধান ২ এর দফা (ঝ) তে সংজ্ঞায়িত লেবেল;

(ঙ) "সক্রিয় বস্তু ও বস্তুকণা (Active Materials and Articles)" অর্থে সেই সকল উপকরণ ও বস্তুকে বুঝাইবে যাহা প্যাকেটজাত খাদ্যের আয়ুষ্কাল বৃদ্ধিতে অথবা সংরক্ষণে অথবা অবস্থার উন্নয়নে ব্যবহৃত হইয়া থাকে, ইহা বিশেষ প্রযুক্তিতে প্রস্তুত হইয়া থাকে যাহাতে খাদ্যের গুণাগুণ নষ্ট করিবার উপাদান প্রতিরোধ এবং পারিপার্শ্বিক পরিবেশের প্রভাবকে দূরীভূত করিতে সক্ষম হইবে। উদাহরণ স্বরূপ-চিপস, বিস্কুট, পাস্তা, গুড়ো দুধ, ইত্যাদিতে বিদ্যমান অক্সিজেন নিয়ন্ত্রণে অক্সিজেন শোষক (Oxygen scavengers) হিসেবে ক্ষুদ্র প্যাকেট (Sachet যাহা অভোজ্য) ব্যবহার হইয়া থাকে যাহা অক্সিজেন নিয়ন্ত্রণের মাধ্যমে উক্ত খাদ্যদ্রব্যের মান বজায় রাখিবে; এবং

(চ) "নির্গমনকারী সক্রিয় বস্তু ও বস্তুকণা (Releasing Active Materials and Articles)" অর্থে খাদ্য স্পর্শকের এমন উপকরণ ও বস্তুকে বুঝাইবে যাহার মোড়কজাত খাদ্যে বা খাদ্য পরিবেশে নির্গত হইবার সম্ভাবনা রহিয়াছে এবং এই নির্গমিত বস্তু ও বস্তুকণা অনুমোদিত সীমা অতিক্রম করিতে পারিবে না বা সীমার মধ্যে থাকিতে হইবে।

(২) এই প্রবিধানমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই, তাহা নিরাপদ খাদ্য আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থেই ব্যবহৃত হইবে।

৩। **প্রযোজ্যতা।**—(১) এই প্রবিধানমালা—

(ক) খাদ্যের সংস্পর্শে আসে; বা

(খ) খাদ্যের সংস্পর্শে আসিয়াছে; বা

(গ) খাদ্যের সংস্পর্শে আসিবার উপযুক্ত কারণ বা সম্ভাবনা রহিয়াছে; বা

(ঘ) কোনো বস্তুর সাধারণ বা দূরবর্তী ব্যবহারের মাধ্যমে খাদ্যের গুণগতমান পরিবর্তনের সম্ভাবনা রহিয়াছে;

এইরূপ বস্তুর ক্ষেত্রে প্রযোজ্য হইবে :

তবে শর্ত থাকে যে, প্রাচীন নিদর্শন, কোনো বস্তুর আবরণ, আচ্ছাদন বা সর্বসাধারণের পানি সরবরাহের স্থায়ী ব্যবস্থায় ব্যবহৃত উপকরণ বা বস্তুর ক্ষেত্রে এই প্রবিধানমালা প্রযোজ্য হইবে না।

(২) Codex Alimentarius Commission (CAC), United States Food and Drug Administration (USFDA এবং European Food Safety Authority (EFSA) কর্তৃক সর্বশেষ সংস্করণে স্বীকৃত বা অনুমোদিত মান অনুযায়ী খাদ্য স্পর্শকের তালিকা করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৪। **মোড়কাবদ্ধ খাদ্য স্পর্শক**।—(১) যেক্ষেত্রে খাদ্য স্পর্শক কোনো খাদ্যের মোড়ক আকারে ব্যবহৃত হয় সেইক্ষেত্রে মোড়কাবদ্ধ খাদ্য লেবেলিং প্রবিধানমালা, ২০১৭ যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।

(২) ভোক্তার জন্য বিভ্রান্তিকর কোনো তথ্য খাদ্য স্পর্শক মোড়কে উল্লেখ করা যাইবে না।

(৩) খাদ্যের অভোজ্য অংশকে পৃথক করিবার লক্ষ্যে খাদ্যের সংস্পর্শে আসিয়াছে এইরূপ কোনো খাদ্য স্পর্শক, যথাযথভাবে লেবেলিং করিতে হইবে।

৫। **খাদ্য স্পর্শক উৎপাদন**।—(১) খাদ্য স্পর্শক উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল স্বাস্থ্যসম্মত ও কারিগরি মানসম্পন্ন হইতে হইবে :

তবে শর্ত থাকে যে, খাদ্য স্পর্শক উৎপাদনে সক্রিয় বস্তু ও বস্তুকণা, বুদ্ধিবৃত্তিক বস্তু ও বস্তুকণা, নির্গমনকারী সক্রিয় বস্তু ও বস্তুকণা, প্লাস্টিক উপকরণ ও বস্তুকণা এবং গোষ্ঠীবদ্ধ উপকরণ ও বস্তুকণা ব্যবহারের ক্ষেত্রে প্রবিধান ৩(২) এ উল্লিখিত সংস্থাসমূহ কর্তৃক স্বীকৃত শর্তাবলি ও নিষেধাজ্ঞা অনুসরণ করিতে হইবে।

(২) খাদ্য স্পর্শকে ব্যবহৃত উপকরণসমূহের উৎস সংক্রান্ত কাগজপত্র খাদ্য স্পর্শকের মেয়াদ সমাপ্ত হইবার অন্যূন ৩ (তিন) মাস পর্যন্ত খাদ্য স্পর্শক ব্যবসায়ী সংরক্ষণ করিবে।

**ব্যাখ্যা**।—"বুদ্ধিবৃত্তিক বস্তু ও বস্তুকণা (Intelligent materials and articles)" অর্থে খাদ্য মোড়কের সেই সকল উপকরণ ও বস্তুকে বুঝাইবে যাহা বিশেষায়িত প্রযুক্তিতে তৈরি এবং ইহা মোড়কজাত খাদ্যের অবস্থা ও খাদ্যের পারিপার্শ্বিক পরিবেশ পর্যবেক্ষণ করে। বুদ্ধিবৃত্তিক বস্তু ও বস্তুকণা মোড়কাবদ্ধ খাদ্যে উদ্ভূত পরিস্থিতি নিরূপণের মাধ্যমে সতেজতার পর্যায় নির্ধারণ করিতে হইবে যাহা সহজেই ভোক্তার দৃষ্টিগোচরীভূত হয়।

৬। **মান নিশ্চিতকরণ**।—খাদ্য স্পর্শক ব্যবসায়ী খাদ্য স্পর্শকের মান নিশ্চিতকরণের জন্য নিম্নোক্ত বিষয়সমূহ মানিয়া চলিবে, যথা:—

(ক) খাদ্য স্পর্শক উৎপাদন এবং উহা সংরক্ষণের যথাযথ মান নিয়ন্ত্রণ;

(খ) খাদ্য স্পর্শক উৎপাদনে উৎকৃষ্টমানের কাঁচামালের ব্যবহার;

(গ) খাদ্য স্পর্শক উৎপাদনের ক্ষেত্রে ব্যবহৃত কাঁচামাল নির্বাচনে প্রযোজ্য বিধি-বিধান প্রতিপালন;

(ঘ) খাদ্য স্পর্শক স্থাপনায় যন্ত্রপাতির সঠিক ব্যবহার;

(ঙ) খাদ্য স্পর্শক উৎপাদন, ব্যবহার ও বিন্যাসে পর্যাপ্ত সংখ্যক প্রশিক্ষিত ও দক্ষ জনবল নিয়োগ;

(চ) খাদ্য স্পর্শক উৎপাদনে ব্যবহৃত যন্ত্রাংশের পরিচ্ছন্নতা ও যথাযথ বিন্যাস; এবং

(ছ) খাদ্য স্পর্শক বস্তু ও বস্তুকণার সমষ্টির সুনির্দিষ্ট ও সামগ্রিক নির্গমনের পরিমাণ প্রবিধান ৩(২) এ উল্লিখিত সংস্থাসমূহ কর্তৃক স্বীকৃত সর্বশেষ সীমার মধ্যে হইতে হইবে।

৭। **প্রামাণিক নথি সংরক্ষণ**।—(১) খাদ্য স্পর্শক ব্যবসায়ী খাদ্য স্পর্শক উৎপাদনের ক্ষেত্রে প্রতিপালিত শর্তাবলি, অনুমতি, মান, ফলাফল, নিরাপত্তা ও প্রক্রিয়া সংক্রান্ত নথিপত্রের মুদ্রিত অথবা ইলেকট্রনিক কপি যথাযথভাবে সংরক্ষণ করিবে।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত নথিতে খাদ্য স্পর্শক উৎপাদনের প্রাথমিক ধাপ হইতে চূড়ান্ত ধাপ পর্যন্ত সংশ্লিষ্ট সকল সহায়ক কাগজপত্র প্রযোজ্য ক্ষেত্রে, যে কোনো সময় প্রদর্শনের জন্য প্রস্তুত রাখিতে হইবে।

৮। **খাদ্য স্পর্শকের লেবেল**।—(১) খাদ্য স্পর্শকের অনুমোদিত ব্যবহার সম্পর্কিত তথ্য লেবেলে স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

(২) খাদ্যদ্রব্যের অভোজ্য অংশের ঘোষণা পরিশিষ্ট-**১** এ উল্লিখিত চিহ্নের মাধ্যমে প্রদান করিতে হইবে।

(৩) খাদ্য স্পর্শক ব্যবসায়ীকে খাদ্য স্পর্শক উৎপাদনের সময় খাদ্যবস্তুর লেবেলে নিম্নলিখিত বিষয়সমূহ উল্লেখ করিতে হইবে, যথা:—

(ক) খাদ্য স্পর্শকের লেবেলে 'খাদ্য স্পর্শক হিসাবে সরবরাহকৃত' শব্দাবলির উল্লেখ;

(খ) খাদ্য স্পর্শকের উৎস সনাক্তকরণ সংক্রান্ত তথ্য;

(গ) খাদ্য স্পর্শক ব্যবহারের সংক্ষিপ্ত নির্দেশনা;

(ঘ) মোড়কাবদ্ধ খাদ্য লেবেলিং প্রবিধানমালা, ২০১৭ যথাযথভাবে অনুসরণ সংক্রান্ত তথ্য;

(ঙ) খাদ্য স্পর্শকের লেবেলে পরিশিষ্ট-২ এ উল্লিখিত চিহ্নের ব্যবহার; এবং

(চ) উৎপাদক বা, ক্ষেত্রমত, বিপণনকারীর নাম, ঠিকানা ও রেজিস্ট্রেশন নম্বর।

(৪) উপ-প্রবিধান (৩) এ উল্লিখিত বিষয়সমূহ খাদ্য স্পর্শক লেভেলে স্পষ্টভাবে, দৃশ্যমান এবং অমোচনীয় কালিতে উল্লেখ করিতে হইবে।

(৫) নির্গমনকারী সক্রিয় বস্তু ও বস্তুকণা থেকে নির্গমিত পদার্থের নাম ও পরিমাণ লেবেলে উল্লেখ থাকিতে হইবে।

(৬) খাদ্য স্পর্শক লেবেল ছাপানো অক্ষরের আকার বিদ্যমান বিধি-বিধান অনুযায়ী হইতে হইবে।

৯। **ঘোষণা**।—(১) খাদ্য স্পর্শক ব্যবসায়ী প্রান্তিক পর্যায়ে, বিক্রয় ব্যতীত খাদ্য বিপণনের সকল পর্যায়ে খাদ্য স্পর্শক সংক্রান্ত একটি লিখিত ঘোষণা বিক্রয়কেন্দ্রে সংরক্ষণ করিবে।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত ঘোষণায় নিম্নলিখিত তথ্যসমূহ থাকিতে হইবে, যথা :—

(ক) সংশ্লিষ্ট খাদ্য স্পর্শক উৎপাদনের ক্ষেত্রে আইন, এই প্রবিধানমালা বা, প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট অন্যান্য প্রবিধানমালায় উল্লিখিত শর্তসমূহ প্রতিপালন করা হইয়াছে;

(খ) খাদ্য স্পর্শকের কাঁচামাল ব্যবসায়ীর পরিচিতি ও পূর্ণাঙ্গ ঠিকানা;

(গ) খাদ্য স্পর্শকে ব্যবহৃত কাঁচামালের পরিচিতিসহ বিস্তারিত তথ্য;

(ঘ) খাদ্য স্পর্শক ব্যবহার করিবার কারণ;

(ঙ) খাদ্য স্পর্শক সংরক্ষণের নির্ধারিত মেয়াদ ও তাপমাত্রা; এবং

(চ) বিভিন্ন স্তর সম্মিলিত খাদ্য স্পর্শক বস্তু ও বস্তুকণাতে খাদ্যদ্রব্যের উদ্দিষ্ট গুণাবলি বজায় রাখিতে কার্যকরী বাঁধা হিসেবে ব্যবহার করা হইলে উহার উৎস দেশ অথবা বিধি-বিধানের আবশ্যকতা প্রতিপালন করিতে হইবে।

১০। **উৎস সনাক্তকরণ**।—(১) খাদ্য স্পর্শক বস্তু ও বস্তুকণা উৎপাদন শৃঙ্খল সনাক্তকরণ নিশ্চিত করিতে হইবে যাহাতে ত্রুটিপূর্ণ পণ্য প্রত্যাহার এবং যথাযথ কর্তৃপক্ষের চাহিদা সাপেক্ষে উক্ত প্রমাণক প্রদর্শন করিতে সক্ষম হইবে।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত তথ্যের অনুকূলে সকল নথিপত্র ছাড়াও খাদ্য স্পর্শক নমুনা বিশ্লেষণ, পরীক্ষণ ও ফলাফল এবং নিরাপদতা সম্পর্কিত নথিপত্রের অনুলিপি খাদ্য স্পর্শক ব্যবসায়ী সংরক্ষণ করিবে।

(৩) খাদ্য স্পর্শক যথাযথ প্রক্রিয়ায় চিহ্নিত করিবার উপযুক্ত ব্যবস্থা থাকিবে, যাহার মাধ্যমে লেবেল বা সংশ্লিষ্ট তথ্য বা দলিলের মাধ্যমে উক্ত পণ্যটি সনাক্তকরণ সম্ভব হইবে।

১১। **পরিদর্শন**।—(১) খাদ্য স্পর্শকের উৎপাদন, আমদানি ও বিতরণের যে কোনো পর্যায়ে উহার মান যাচাইয়ের জন্য নিরাপদ খাদ্য পরিদর্শক বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যে কোনো খাদ্য স্পর্শক স্থাপনা ও খাদ্য-স্থাপনা পরিদর্শন করিতে পারিবে।

(২) পরিদর্শকবৃন্দ উপ-প্রবিধান (১) অনুযায়ী খাদ্য স্পর্শক স্থাপনা ও খাদ্য-স্থাপনা পরিদর্শনের পর এতদ্‌সংক্রান্ত পরিদর্শন প্রতিবেদনের একটি অনুলিপি সংশ্লিষ্ট খাদ্য স্পর্শক ব্যবসায়ীকে সরবরাহ করিবে।

১২। **নোটিশ**।—(১) খাদ্য স্পর্শক স্থাপনা ও খাদ্য-স্থাপনা পরিদর্শনকালে নিরাপদ খাদ্য পরিদর্শক বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তার নিকট যদি ইহা প্রতীয়মান হয় যে, খাদ্য স্পর্শক ব্যবসায়ী বা তাহার কোনো প্রতিনিধি, খাদ্যকর্মী বা কর্মচারী প্রবিধানমালার প্রযোজ্য শর্তাবলি প্রতিপালন করিতেছে না, তাহা হইলে উক্ত খাদ্য স্পর্শক ব্যবসায়ী বা খাদ্য ব্যবসায়ীকে ফরম-১ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে উক্ত শর্তাবলি প্রতিপালনের জন্য নোটিশ প্রদান করিবে।

(২) ফরম-১ এ উল্লিখিত সময়ের মধ্যে কোনো খাদ্য স্পর্শক ব্যবসায়ী বা খাদ্য ব্যবসায়ী যদি উপ-প্রবিধান (১) অনুযায়ী প্রদত্ত নোটিশে উল্লিখিত করণীয় বাস্তবায়নে ব্যর্থ হয়, তাহা হইলে নিরাপদ খাদ্য পরিদর্শক বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্ত খাদ্য স্পর্শক ব্যবসায়ী বা খাদ্য ব্যবসায়ীকে ফরম-২ অনুযায়ী সতর্ক করিয়া নোটিশ প্রদান করিবে।

(৩) কোনো খাদ্য স্পর্শক ব্যবসায়ী বা খাদ্য ব্যবসায়ী ফরম-২ এ উল্লিখিত করণীয় পদক্ষেপ বাস্তবায়নে ব্যর্থ হইলে উহা নিরাপদ খাদ্য বিরোধী কার্য বলিয়া গণ্য হইবে।

(৪) কোনো খাদ্য স্পর্শক ব্যবসায়ী বা খাদ্য ব্যবসায়ী উপ-প্রবিধান (১) বা উপ-প্রবিধান (২) অনুযায়ী প্রদত্ত নোটিশে উল্লিখিত সময়ের মধ্যে করণীয় পদক্ষেপ বাস্তবায়ন করিলে নিরাপদ খাদ্য পরিদর্শক বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এতদ্‌সংক্রান্ত একটি প্রতিবেদন তাহার ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে এবং উহার একটি অনুলিপি সংশ্লিষ্ট খাদ্য স্পর্শক ব্যবসায়ীকে বা খাদ্য ব্যবসায়ীকে সরবরাহ করিবে।

(৫) কোনো খাদ্য স্পর্শক ব্যবসায়ী বা খাদ্য ব্যবসায়ী উপ-প্রবিধান (১) বা উপ-প্রবিধান (২) অনুযায়ী প্রদত্ত নোটিশে উল্লিখিত সময়ের মধ্যে করণীয় পদক্ষেপ বাস্তবায়ন করিতে ব্যর্থ হইলে, নিরাপদ খাদ্য পরিদর্শক বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্ত খাদ্য স্পর্শক ব্যবসা বা খাদ্য ব্যবসা পরিচালনার লাইসেন্স বা নিবন্ধন সনদ বাতিল করিবার জন্য ফরম-৩ অনুযায়ী অনুরোধ জানাইবে এবং বিষয়টি তাহার ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করিবে।

(৬) ভোক্তাকে অবহিতকরণের জন্য এই প্রবিধানের অধীন পরিদর্শক কর্তৃক প্রদত্ত সকল নোটিশ খাদ্য স্পর্শক ব্যবসায়ী খাদ্য স্পর্শক ব্যবসা স্থাপনার সামনে প্রদর্শন করিবে।

১৩। **অস্পষ্টতা দূরীকরণ**।—এই প্রবিধানমালার কোনো বিধান কার্যকর করিবার ক্ষেত্রে কোনো অস্পষ্টতা পরিলক্ষিত হইলে কর্তৃপক্ষ, সরকারের সহিত পরামর্শক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই প্রবিধানমালার সহিত সঙ্গতিপূর্ণ হওয়া সাপেক্ষে, উক্তরূপ অস্পষ্টতা দূর করিতে পারিবে।


১৪। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ**।—এই প্রবিধানমালা কার্যকর হইবার পর কর্তৃপক্ষ, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই প্রবিধানমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**পরিশিষ্ট-১**

[ প্রবিধান ৮(২) দ্রষ্টব্য ]


চিহ্ন : অভোজ্য



**পরিশিষ্ট-২**

[ প্রবিধান ৮(৩)(ঙ) দ্রষ্টব্য ]

খাদ্যের সংস্পর্শে আসিবার চিহ্ন



ফরম-১

[ প্রবিধান ১২(১) দ্রষ্টব্য ]

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য নিরাপদ খাদ্য অগ্রাধিকার

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**
**৭১-৭২ ইস্কাটন গার্ডেন. ঢাকা**
**www.bfsa.gov.bd**

**বিষয় : নিরাপদ খাদ্য স্পর্শক ঝুঁকি সংক্রান্ত নোটিশ**

বরাবর

....................

.......................

(খাদ্য স্পর্শক ব্যবসা বা খাদ্য ব্যবসা প্রতিষ্ঠান/ব্যবসায়ী/ব্যবসায়ীগণের নাম, ঠিকানা, ইত্যাদি)

১. আপনার/আপনাদের খাদ্য স্পর্শক ব্যবসা প্রতিষ্ঠান বা খাদ্য ব্যবসা প্রতিষ্ঠান (............) পরিদর্শনকালে খাদ্য স্পর্শক প্রবিধানমালা, ২০১৯ এর প্রবিধান ...............প্রতিপালন হয় নাই মর্মে পরিলক্ষিত হইয়াছে। উক্ত প্রতিষ্ঠানটি খাদ্য স্পর্শক প্রবিধানমালা, ২০১৯ এর নিম্নোক্ত বিধানসমূহ প্রতিপালন করে নাই/ভঙ্গ করিয়াছে, যথা :—

..........................................................................................................

২. ১নং ক্রমিকে বর্ণিত বিষয়সমূহ সংশোধনকল্পে আপনি/আপনারা আবশ্যিকভাবে নিম্নোক্ত পদক্ষেপসমূহ অবশ্যই গ্রহণ করিবেন, যথা :—

..........................................................................................................

৩. ২নং ক্রমিকে বর্ণিত পদক্ষেপসমূহ আগামী ............................তারিখের মধ্যে অবশ্যই বাস্তবায়ন করিতে হইবে। অন্যথায় ইহা একটি অপরাধ হিসেবে গণ্য হইবে।

নিরাপদ খাদ্য পরিদর্শক বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা,

(স্বাক্ষর)

নাম :

তারিখ :

টেলিফোন নং :

ফরম-২

[ প্রবিধান ১২(২) দ্রষ্টব্য ]

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য নিরাপদ খাদ্য অগ্রাধিকার

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**
**৭১-৭২ ইস্কাটন গার্ডেন. ঢাকা**
**www.bfsa.gov.bd**

সূত্র........................... তারিখ :

**বিষয় : নিরাপদ খাদ্য স্পর্শক বিষয়ে ঝুঁকি অব্যাহত থাকা সংক্রান্ত সতর্কীকরণ।**

বরাবর

.......................

........................

(খাদ্য স্পর্শক ব্যবসা বা খাদ্য ব্যবসা প্রতিষ্ঠান/ব্যবসায়ী/ব্যবসায়ীগণের নাম, ঠিকানা, ইত্যাদি)

১। নিম্নস্বাক্ষরকারী এই মর্মে নিশ্চিত হইয়াছে যে, ইতোপূর্বে ..............তারিখের ...........নং স্মারকমূলে আপনার/আপনাদের প্রতি জারীকৃত নোটিশে উল্লিখিত সময়ের মধ্যে নিরাপদ খাদ্য স্পর্শক সংক্রান্ত বিদ্যমান ঝুঁকি অপসারণের জন্য আপনি/আপনারা যথাযথ ব্যবস্থা গ্রহণ করেননি।

২। এমতাবস্থায়, আপনাকে/আপনাদেরকে ইতোপূর্বে প্রদত্ত নোটিশ পরিপালন না করিবার জন্য সতর্ক করা হইল। আগামী......................তারিখের মধ্যে........................ তারিখের........................ নং স্মারকমূলে আপনার/আপনাদের প্রতি জারীকৃত নোটিশে উল্লিখিত ঝুঁকি অপসারণের জন্য নির্দেশ প্রদান করা হইল। অন্যথায় আপনার/আপনাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

নিরাপদ খাদ্য পরিদর্শক বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা,

(স্বাক্ষর)

নাম :

তারিখ :

টেলিফোন নং :

ফরম-৩
[ প্রবিধান ১২(৫) দ্রষ্টব্য ]

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য                    নিরাপদ খাদ্য অগ্রাধিকার

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**
**৭১-৭২ ইস্কাটন গার্ডেন. ঢাকা**
**www.bfsa.gov.bd**

সূত্র...........................                    তারিখ :

বরাবর

.......................

........................

**বিষয় : খাদ্য স্পর্শক উৎপাদন, ব্যবসা/খাদ্য ব্যবসা পরিচালনা স্থগিত/বাতিলকরণ সংক্রান্ত।**

১। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এই মর্মে নিশ্চিত হইয়াছে যে, ............................ খাদ্য স্পর্শক ব্যবসায়ী/খাদ্য ব্যবসায়ী খাদ্য স্পর্শক প্রবিধানমালা, ২০১৯ এ উল্লিখিত বিধান ধারাবাহিকভাবে লজ্ঘন করিতেছে। ইতোপূর্বে উক্ত প্রতিষ্ঠানকে একাধিকবার নিরাপদ খাদ্য স্পর্শকের ঝুঁকি বিষয়ে সতর্ক করিয়া নোটিশ প্রদান করা হইয়াছিল (কপি সংযুক্ত)। কিছু প্রতিষ্ঠানটি নিরাপদ খাদ্য স্পর্শকের ঝুঁকি নিরসন সংক্রান্ত কোনো কার্যক্রম গ্রহণ করে নাই।

২। এমতাবস্থায়, .......................................................... খাদ্য স্পর্শক ব্যবসায়ী/খাদ্য ব্যবসায়ীর লাইসেন্স/নিবন্ধন সনদ বাতিল করিবার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানাইতেছি।

নিরাপদ খাদ্য পরিদর্শক বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা,

(স্বাক্ষর)

নাম :

তারিখ :

টেলিফোন নং :

অনুলিপি :

.................................

সংশ্লিষ্ট খাদ্য স্পর্শক ব্যবসায়ী/উৎপাদনকারী/খাদ্য ব্যবসায়ী।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের আদেশক্রমে

**মোহাম্মদ মাহফুজুল হক**
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd